আলমডাঙ্গায় ছেলুন জোয়ার্দ্দারের নৌকার সমর্থনে জাসদের মিছিল ও পথসভা

দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের আওয়ামীলীগের মনোনীত প্রার্থী বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের নৌকার সমর্থনে আলমডাঙ্গায় জাসদ মিছিল ও পথসভা করেছে।

গতকাল শনিবার বিকেলে পৌর এলাকার গোবিন্দপুর গ্রাম থেকে বের হওয়া মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে ৭১’র মোড়ের স্বাধীনতা স্তম্ভ এলাকায় পথসভা করেন।

পথসভায় জেলা জাসদ সভাপতি বীরমুক্তিযোদ্ধা ও সাবেক মেয়র এম.সবেদ আলী বলেন, আমরা ১৪ দলীয় জোটের শরিক দল। আমরা এই নির্বাচনে ছেলুন ভাইয়ের নৌকা প্রতিকের পক্ষে ভোট করছি। দেশের উন্নয়ন অব্যাহত রাখতে নৌকায় ভোট দিয়ে শেখ হাসিনাকে আবারও ক্ষমতায় আনতে হবে। তাই আগামী ৭ জানুয়ারী ছেলুন ভাইকে নৌকা প্রতিকে ভোট দিয়ে জয়ী করতে হবে।

পথসভায় উপস্থিত ছিলেন জাসদ নেতা নজরুল ইসলাম, রশিদ আলী, ইকরামুল হক, আব্দুল আল মামুন, রাজ্জাক আলী, রবিন, রাজু, রিয়াজ, মুন্নাহ, তানজিম, হৃদয় প্রমূখ।